দৈনিক ইত্তেফাক
তারিখ ... 29 MAR 1990 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ৮ ...

75

# বিশ্ববিদ্যালয় খোলার দাবী

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

৯ ছাত্র সংগঠন গতকাল (বুধবার) ডাকসু ভবনে এক সাংবাদিক

(শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## বিশ্ববিদ্যালয় খোলার দাবী

( ১ম পৃঃ পর )

সম্মেলনে অবিলম্বে ঢাকা বিশ্ববিদ্যালয় খুলিয়া দেওয়ার আহ্বান জানাইয়াছে। সাংবাদিক সম্মেলনে বলা হয়, নূতন ভিসি নিয়োগের পর পরিস্থিতির কিছুটা পরিবর্তন হইলেও অন্যান্য অনেক বিষয়ের সমাধান হয় নাই। ঢাকা বিশ্ববিদ্যালয় অনির্ধারিত ভাবে বন্ধ থাকায় ছাত্র-ছাত্রীদের অপূরণীয় ক্ষতি হইতেছে। কাজেই রমজান ও গ্রীষ্মের ছুটি ভোগ করার প্রয়োজন আছে বলিয়া আমরা মনে করি না। সাংবাদিক সম্মেলনে বলা হয়, বিদায়ী ভিসি সরকারের সহযোগী হিসাবে দায়িত্ব পালন করিয়াছেন।

ছাত্রনেতা নাজমুল হক প্রধান সাংবাদিক সম্মেলনে বক্তব্য পাঠ করেন। ডাকসুর জিএস মুশতাক হোসেন, ছাত্রনেতা জহিরউদ্দিন স্বপন, মোস্তফা ফারুক, আবদুস সাত্তার খান, শফি আহমেদ প্রমুখ সাংবাদিক সম্মেলনে বক্তৃতা করেন। সাংবাদিক সম্মেলনে বিশ্ববিদ্যালয় খোলার পাশাপাশি অবিলম্বে ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটকে কার্যকর করার আহ্বান জানান হয়।

### ছাত্র ফেডারেশন

ছাত্র ফেডারেশন গতকাল ডাকসু ভবনে পৃথক এক সাংবাদিক সম্মেলনে অবিলম্বে ঢাকা বিশ্ববিদ্যালয় খুলিয়া দেওয়ার দাবী জানাইয়াছে এবং ক্যাম্পাসে পুনরায় সন্ত্রাস সৃষ্টির মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের স্বায়ত্তশাসন খর্ব করার উদ্যোগের সমালোচনা করিয়াছে। সংগঠনের সভাপতি ফয়জুল হাকিম সাংবাদিক সম্মেলনে বক্তব্য পাঠ করেন।